

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮৪১

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৬. যিনি বলেন: ইসতিহাযাগ্রস্ত মহিলার স্বামী তার সাথে মিলিত হতে পারবে

بَابُ مَنْ قَالَ: الْمُسْتَحَاضَةُ يُجَامِعُهَا زَوْجُهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سَالِمِ الْأَفْطَسِ قَالَ سُئِلَ سَعِيدُ بْنُ جُبَيْرٍ أَتُجَامَعُ الْمُسْتَحَاضَةُ فَقَالَ الصَّلَاةُ أَكْبَرُ مِنَ الْجَمَاعِ
إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৮৪১. সালিম আল আফতাস বলেন: সাঈদ ইবনু জুবাইর রাহি.-কে প্রশ্ন করা হলো, 'ইসতিহাযাগ্রস্ত মহিলা তার স্বামীর সাথে সহবাস করতে পারবে কি?' জবাবে তিনি বললেন: 'সহবাস করা হতে সালাত অনেক গুরুত্বপূর্ণ বিষয়।' (সুতরাং সালাত আদায় বৈধ হলে সহবাসও করতে পারবে)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ১১৮৭ সহীহ সনদে; ইবনু আবী শাইবা ৪/২৭৯ অপর সহীহ সনদে। পরবর্তী সূত্রটিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সালিম আল আফতাস (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=76218>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন